চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৬ মে ২০১৮ খ্রি.

৫ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে ডোমখালি সেতু
উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী ও মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী ও মেয়রের অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীনে প্রায় ৫ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয়ে নগরীর ৪নং চান্দগাঁও ওয়ার্ডস্থ দাশপাড়ায় ডোমখালি সেতু নির্মিত হচ্ছে। পিসি গার্ডার ব্রিজটি দৈর্ঘ্যে ৩০.৫০মিটার, প্রস্থে ৯ মিটার। গত ৫ মে ২০১৮ খ্রি. শনিবার সন্ধ্যায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আলহাজ্ব নুরুল ইসলাম বিএসসি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন যৌথ ভাবে ফলক উন্মোচন করে নির্মাণ কাজের উদ্বোধন করেন। পরে এক সুধী সমাবেশ সেতু সংলগ্ন পাশের মাঠে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। উদ্বোধক ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৪নং চান্দগাঁও ওয়ার্ড কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ সাইফু। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট শিল্পপতি, শিক্ষানুরাগী ও আওয়ামীলীগ নেতা মুজিবুর রহমান। উল্লেখ্য চান্দগাঁও ৪নং ওয়ার্ডে মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি'র সুপারিশে যোগাযোগ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রায় ২১ কোটি টাকার প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এ ছাড়াও বর্তমান মেয়রের মেয়াদের মধ্যে প্রায় ৪৫ কোটি ৬৯ লক্ষ টাকার উন্নয়ন কাজ চলমান আছে। এ ছাড়াও প্রস্তাবিত ১২শত কোটি টাকার প্রকল্পে চান্দগাঁও ওয়ার্ডের জন্য ১০৪টি প্রকল্পের অধীনে ৩৮ কোটি টাকার অবকাঠামোগত উন্নয়ন হওয়ার সম্ভাবনা রয়েছে। সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেন, অতীতে চান্দগাঁও ওয়ার্ডে এতোগুলো উন্নয়ন কাজ সম্পাদিত হয়নি। বর্তমান মেয়রের নেতৃত্বে উন্নয়নের মহাযজ্ঞ শুরু হয়েছে। এখন থেকে চান্দগাঁও বাসী আর অবহেলিত থাকবে না। মন্ত্রী উদ্বোধন হওয়া ডোমখালি সেতুর নাম 'আনারউল্লাহ শাহজী' সেতু নামকরণ করেন। সুধি সমাবেশে মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি আরো বলেন, যারা মানুষের কল্যাণে এগিয়ে আসে না তাদের মধ্যে মমত্ববোধ নেই। যাদের মধ্যে মমত্ববোধ নেই তারা মানুষের পর্যায়ে পরে না। আলোকিত মানুষ গড়ার একমাত্র অবলম্বন শিক্ষার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। মন্ত্রী বলেন, জননেত্রী শেখ হাসিনা সরকার শিক্ষাবান্ধব একটি সরকার। শিক্ষার গুনগত মান নিশ্চিত করার জন্য সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষা ছাড়া উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে পরিনত করা সম্ভব নয়। এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, তিনি যখন নারী শিক্ষা উন্নয়নে শিক্ষা

প্রতিষ্ঠান গড়ে তুলছিলেন তখন অনেকেই তাকে গালমন্দ করেছিল। সকল বাধা অতিক্রম করে গড়ে তোলা শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিবছর শিক্ষার্থীরা ডাক্তার ও ইঞ্জিনিয়ার হওয়ার সুযোগ পাচ্ছে। উদ্বোধক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর ৪১টি ওয়ার্ডের মধ্যে চান্দগাঁও ওয়ার্ড অনেক বড় ওয়ার্ড।

এ ওয়ার্ড থেকে অতীতে মন্ত্রী, মেয়র, এমপি ও ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হলেও কাংক্সিক্ষত উন্নয়ন এই ওয়ার্ডের নাগরিকবৃন্দ দেখেনি। ফলে পানির নিচে অথবা ভাঙ্গাচুড়া রাস্তায় পথ চলতে হতো। তিনি দায়িত্ব গ্রহনের পর থেকে এ যাবত সময়ে ৪নং চান্দগাঁও ওয়ার্ডে ৪৫ কোটি টাকার উন্নয়ন কাজ করেছেন। মেয়র বলেন, চসিকে ১২শত কোটি টাকা উন্নয়ন বরাদ্দ শীগ্রই অনুমোদিত হবে। এটি অনুমোদিত হলে ৪নং চান্দগাঁও ওয়ার্ডের ১০৪টি প্রকল্পের কাজ শুরু হবে। এতে প্রায় ৩৮ কোটি টাকা বরাদ্দ থাকবে। দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক বলেন, ৪নং ওয়ার্ড একটি অনুন্নত ও অবহেলিত ওয়ার্ড। এই ওয়ার্ডের মানুষের ভোটে অনেক মেয়র ও কাউন্সিলর নির্বাচিত হয়েছেন। কিন্তু কেউ ভাবেন নি ওয়ার্ডটির কথা। ২০১৩ সালে ডোমখালি ব্রিজটি ভেঙে গেলে তা পুনরায় নির্মাণে বার বার টাকা বরাদ্দ নিয়ে আত্মসাত করেছেন একটি চক্র। ফলে ব্রিজটি আর নির্মাণ হয়নি। তিনি বলেন, এখন থেকে চান্দগাঁয়ের উন্নয়নের নেতৃত্ব দেবে মন্ত্রী ও মেয়র । তাদের নেতৃত্বে ও কাউন্সিলর সাইফুর নিরলস শ্রমে চান্দগাঁও একটি সমৃদ্ধ ও মডেল ওয়ার্ডে পরিণত হবে। তিনি আরো বলেন, পাঠাইন্না গোদার খালের পাশ গিলে খাচ্ছে অবৈধ দখলদাররা। তাদের দ্রুত উচ্ছেদে মেয়রের কাছে দাবি জানান। এছাড়া প্রশাসনের উদ্দেশ্যে তিনি বলেন, এখানে সন্ত্রাসীদের ঘাঁটি ও মাদক ব্যবসায়ীদের আখড়ায় পরিণত হচ্ছে। এ ব্যাপারে ত্বরিত ব্যবস্থা নেয়ার আহবান জানান তিনি। কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ সাইফু বলেন, অতীতে ৪নং ওয়ার্ডের কাউন্সিলররা এই ওয়ার্ডের মেরুদন্ড ভেঙে দিয়েছে। এখন এই ওয়ার্ডের দায়িত্ব নিয়েছেন মন্ত্রী আলহাজ্ব নুরুল ইসলাম বিএসসি ও মেয়র আ জ ম নাছির উদ্দীন। আরো ৬০ কোটি টাকার উন্নয়ন বরাদ্দ পেলে আগামী ২ বছরের মধ্যে এই ওয়ার্ডকে একটি সমৃদ্ধ ওয়ার্ডে পরিণত করা সম্ভব বলে জানান তিনি। বিশেষ অতিথি আওয়ামী লীগ নেতা মুজিবুর রহমান বলেন, সিটি মেয়রের নেতৃত্বে চান্দগাঁওয়ের সমস্ত রাস্তাঘাট পাকাকরণ করতে চাই। এই ব্রিজটি যখন ভেঙে গেছে তখন তা দেখে এই এলাকার একজন অধিবাসী হিসেবে আমাকে দারুণ কষ্ট দিয়েছে। অনেক নেতা ব্রিজটি নির্মাণের আশ্বাস দিলেও আমরা নীরবে মন্ত্রণালয় থেকে বরাদ্দ আদায়ে কাজ করেছি। আজ তা বাস্তবায়ন হচ্ছে।

চট্টগ্রাম- ০৬ মে ২০১৮ খ্রি.

রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রন মাঠে নামছে চসিক
সাইনবোর্ড বাংলায় লেখার জন্য ৬ মাস সময়

চট্টগ্রাম সিটি কর্পোরেমনের মেয়র আ জ ম নাছির উদ্দীন রমজানে ব্যবসায়ীদের দ্রব্যমূল্য সহনীয় রাখার আহবান জানিয়েছেন। তিনি বলেন, প্রতি বছর রমজান আসলেই নির্ধারিত কিছু পণ্যের চাহিদা বেড়ে যায়। আর এ সুযোগকে কাজে লাগিয়ে এক শ্রেণির অসাধু ব্যবসায়ী অতিরিক্ত অহেতুক পণ্যের দাম বৃদ্ধি করে। যা কোন ভাবেই কাম্য হতে পারে না। কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে মেয়র ৬ মে ২০১৮ খ্রি. রবিবার, সকালে আসন্ন রমজান উপলক্ষে দ্রব্যমূল্য সহনীয় রাখার লক্ষে নিয়মিত বাজার পরিদর্শন ও মনিটরিং ট্রেড লাইসেন্স নেয়া ও নবায়ন, ব্যবসা প্রতিষ্ঠানের সাইন বোর্ড বাংলায় লিখা সংক্রান্ত বিষয়ে ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে এক মতবিনিময় সভায় একথা বলেন। সভায় কর্পোরেশনের কাউন্সিলর হাজী নুরুল হক, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজের পরিচালক অহিদ সিরাজ স্বপন, কনজ্যুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর সভাপতি এস এম নাজের হোসাইন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, আফরোজা কালাম, আবিদা আজাদ, সিটি কর্পোরেশন বহদ্দারহাট কাঁচা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাজী জানে আলম, সাধারণ সম্পাদক বদিউল আলম, ক্যাব এর সাধারণ ইকবাল বাহার ছাবেরী, বহদ্দারহাট হকার্স সমিতির সাধারণ সম্পাদক সলোমান সওদাগর, মহানগর ক্যাব এর সভাপতি জেসমিন সুলতানা পারু, কাজীর দেউড়ি কাঁচা বাজার সমিতির সভাপতি আবদুর রাজ্জাক, সাধারণ সম্পাদক আবদুল জলিল, সাগরিকা গরু বাজারের ব্যবসায়ী মো. আবু সুফিয়ান, মো. সফিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, পুরো রমজান মাস জুড়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দু’জন ম্যাজিস্ট্রেট সকল বাজার পরিদর্শন করবে। তারা বাজারের দ্রব্যমূল্যের তালিকা দৃশ্যমান স্থানে টাঙানো আছে কী না, ভেজাল পণ্য মজুদ বা বিক্রি করা হচ্ছে কী না, ওজনে কম দেয়া হচ্ছে কী না তা পর্যবেক্ষন করবেন। এই ক্ষেত্রে কোন অনিয়ম বা অসুদুপায় অবলম্বন করার চেষ্টা করা হলে ম্যাজিস্ট্রেটগণ ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে আইনগত ব্যবস্থা নেবেন। তিনি বাজার তদারকিতে ইলেকট্রনিক মিডিয়াসহ সকল গণমাধ্যমের সহযোগিতা কামনা করেন। এ ছাড়াও মেয়র নগরবাসীকে তাদের মানসিকতার পরিবর্তন করে তাদের বকেয়া কর পরিশোধ ও নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নেয়া ও নবায়ন এবং সাইনবোর্ড বাংলায় লিখার আহবান জানান। তিনি বলেন, সিটি কর্পোরেশনকে নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে অনেকটা নিজস্ব আয়ের ওপর নির্ভর করতে হয়। আর সে ক্ষেত্রে নগরবাসী যদি তাদের বকেয়া পৌর কর পরিশোধ না করেন, তাহলে নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। মেয়র বলেন, বৈধ ব্যবসার প্রথম শর্ত হলো ট্রেড লাইসেন্স করা। লাখ টাকা ও কোটি টাকার ব্যবসা করতে পারলে ট্রেড লাইসেন্স ও কর দেয়ার ক্ষেত্রে কার্পন্যতা কাম্য হতে পারে না। এ নগর আমার আপনার সবার। আজকে দেশের যে অগ্রগতি তা মানুষের কর দেয়ার

কারণে। তিনি বলেন, বিদ্যুৎ, পানি, গ্যাসের বিল বাড়লে তা যদি প্রদান করেন তাহলে নাগরিক সেবা বৃদ্ধির জন্য কর প্রদানে ও ট্রেড লাইসেন্স নিতে নগরবাসীর আপত্তি থাকা উচিত নয় বলে মন্তব্য করেন। মেয়র আগামী ৬ মাসের মধ্যে সকল ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড বাংলায় লেখার জন্য সময়সীমা বেধে দেন। তিনি গণমাধ্যমকে শুধুমাত্র নেতিবাচক সংবাদ পরিবেশন না করে জনস্বার্থে কর্পোরেশনের সমালোচনা করার আহŸান জানান ।

চট্টগ্রাম- ০৬ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন ব্যক্তিগত সম্মানি থেকে ১ লক্ষ ১৭ হাজার টাকা গরীব দুঃস্থদের মাঝে বিতরণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম সিটি কর্র্পোরেশনে দায়িত্ব গ্রহণের পর থেকে তিনি তাঁর ব্যক্তিগত সকল সম্মানি গ্রহণ না করে গরীব দুঃস্থদের মাঝে বিতরণ করে যাচ্ছেন। এ বিতরণ কর্মসূচির আওতায় ৬ মে ২০১৮ খ্রি. রবিবার, দুপুরে সুমি আকতার, গৌরী ললিত কলা একাডেমী, সিএসডি আবদুল মোমেন পাটোয়ারী, হাফেজ মো. ওমর ফারুক,সুদীপ্ত ঘোষ, কাজী আনোয়ার হোছাইন, প্রেরণা অটিজম, হাফসা আকতাার, নিষ্পাপ অটিজম, মোশরেকা আকতারকে ১ লক্ষ ১৭ হাজার টাকা অনুদান হিসেবে বিতরণ করেন। মেয়র নিজে এসকল অনুদানের চেক সংশ্লিষ্টদের হাতে তুলে দেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং কাউন্সিলররা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৬ মে ২০১৮ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড চট্টগ্রাম প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এর নিকট হস্তান্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড চট্টগ্রামের অধীনে অনুষ্ঠিত ২০১৮ সনের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল ৬ মে ২০১৮ খ্রি. রবিবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট হস্তান্তর করেন চট্টগ্রাম শিক্ষাবোর্ডের উপ বিদ্যালয় পরিদর্শক মোহাম্মদ আবুল মনছুর ভূঁইয়া, উপ সচিব রেজা মো. এনামুল হক চৌধুরী, উপ কলেজ পরিদর্শক মোহাম্মদ হালিম। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, কাউন্সিলর শৈবাল দাশ সমুন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। ২০১৮ সনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৪৭ টি মাধ্যমিক বিদ্যালয় হতে সর্বমোট ৬০৪৮ জন শিক্ষার্থী এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করেন। তন্মধ্যে সর্বমোট ৫৪২২ জন কৃতিত্বের সাথে পরীক্ষায় উত্তীর্ণ হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল সমূহের পাশের হার ৮৯.৬৫%। জিপিএ-৫ পেয়েছে ৫২২ জন।

চট্টগ্রাম- ০৬ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে বাংলাদেশ দোকান মালিক সমিতির মতবিনিময়

৬ মে ২০১৮ খ্রি. রবিবার, দুপুরে চসিক কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে বাংলাদেশ দোকান মালিক সমিতি চট্টগ্রাম এর নেতৃবৃন্দ সহ বিভিন্ন দোকান মালিক সমিতির সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মতবিনিময় করেন। মতবিনিময়ে মেয়র আ জ ম নাছির উদ্দীন দোকান মালিক সমিতির জন্য অফিস ঘর বরাদ্ধ,পবিত্র রমজানে বাজার মনিটরিং, যানজট নিয়ন্ত্রণ,মোবাইল কোট পরিচালনা, আইনশৃংখলা স্বাভাবিক রাখা এবং দ্রব্য মূল্য সর্ব সাধারনের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার বিষয়ে তাঁর সিদ্ধান্ত ব্যবসায়ীদের জানান। মতবিনিময় সভায় বাংলাদেশ দোকান মালিক সমিতি চট্টগ্রাম মহানগর এর সভাপতি আলহাজ্ব ছালামত আলী সভাপতিত্ব করেন। সভায় ৩১ আলকরণ ওয়ার্ড কাউন্সিলর তারেক সোলাইমান সেলিম, ২৮ নং ওয়ার্ড কাউন্সিলর মো. আবদুল কাদের, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, দোকান মালিক সমিতির ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক মো. ইউসুফ, অতিরিক্ত সাধারন সম্পাদক আবদুর রাজ্জাক, চাক্তাই শিল্প ও ব্যবসায়ী সমিতির সভাপতি হাজী এস এম হারুনুর রশিদ, বাংলাদেশ দোকান মালিক সমিতির সহ সভাপতি মো. হারুনুর রশিদ, ফলমুন্ডি ফল ব্যবসায়ী সমিতির সাধারন সম্পাদক মো. আলমগীর,বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবসায়ী গ্রæপের সাধারন সম্পাদক গোলাম আকবর চৌধুরী, ৩৬ নং ওয়ার্ডের আজিজুল হক, চাল ডাল ব্যবস্যায়ী সমিতির সাধারান সম্পাদক মুহিম উদ্দিন মুহিম, ব্যবসায়ী চন্দন সরকার, আনিসুর রশিদ, মো. রফিক মিয়া, খালেক চৌধুরী, গোলাম আকবর চৌধুরী,সাইফুল ইসলাম সোহেল সহ ব্যবসায়ী নেতৃবৃন্দ তাদের মতামত তুলে ধরেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন